

এবার প্রবাসীদের উদ্যোগে নয়া রাজনৈতিক দল



পলাশ রহমান ॥

বাংলাদেশের বর্তমান রাজনৈতিক হাল-হকিকতের খবর কমবেশী সবাই রাখেন। সেখানে চলছে ভাংগা গড়া আর সংস্কারের ভেলকি খেলা। পুরনো পণ্যের লেবেল বদলের মতো কেউ কেউ গঠন করেছে, করছে নতুন দল। কেউ ডাকছে জোট, মহাজোট। কেউ চাচ্ছে সংস্কার। কিন্তু মজার বেপার হচ্ছে, এসবের কোনটাই সাধারণ মানুষের মধ্যে

তেমন কোন আগ্রহ সৃষ্টি করতে পারছেন। কারণ আজ যারা সংস্কারের তাবিজ নিয়ে মাঠে নেমেছে, তারাই পালাক্রমে এতোটা বছর দেশ ও জাতিকে রক্তাক্ত করেছে। জুলাম, নির্যাতন, শোষণ ও দুর্নীতিকে শিল্পের পর্যায় নিয়ে গেছে। দেশের অর্থনীতিকে তলাবিহীন ঝুড়িতে পরিণত করেছে।

দেশের এই চরম ক্রান্তি সময় জাতীর প্রত্যাশা পূরণ এবং বাংলাদেশকে বিশ্বায়নের হাইওয়েতে নিয়ে যেতে উদ্যোগ নিয়েছেন সচেতন প্রবাসীরা। তারা শুরু করেছেন একটি নতুন রাজনৈতিক দল গঠনের প্রকৃয়া। জানাযায় এদলের সম্ভাব্য নাম হবে বিডিএস বা বাংলাদেশ গণতান্ত্রিক সমাজ। এর মূলনেতৃত্বে থাকবেন প্রবাসীরা। বিশ্বের সাথে তাল মিলিয়ে দেশকে এগিয়ে নেয়াই যার প্রধান মিশন। দলের মূলমন্ত্র হবে সকলের অংশগ্রহণ-সকলের কল্যাণ। অর্থৎ সমবতার রাজনৈতিক কালচার প্রবর্তন হবে এই দলের দ্বারা। আগামী বছরের প্রথম প্রহরেই দলের আনুষ্ঠানিক ঘোষণার লক্ষ্যে এখন দ্রুত চলছে এর মিশন ভিশন তৈরীর কাজ। দল গঠন প্রকৃয়ার সাথে জড়িত একজন নাম না প্রকাশের শর্তে বলেন, দেশে ও বিদেশে দেড় শতাধিক সাবেক রাজনীতিক, ব্যবসায়ী, কূটনীতিক, সচিব, সাংবাদিক, প্রফেসর, আইনজীবী, সেনা ও পুলিশ কর্মকর্তসহ বিশ্ব পরিচিত কয়েকজন ক্লিন ইমেজের সেলিব্রিটি থাকছেন এই দলের সাথে। তারা দেশে বিদেশে খুব সতর্কতার সাথে মিডিয়ার দৃষ্টি এড়িয়ে এগিয়ে যাচ্ছেন আগামী সংসদ নির্বাচনে ৩০০ আসনেই যোগ্য প্রার্থীর নির্বাচন নিশ্চিত করতে ও সাংগঠনিক ভিত্তি দাড়া করানোর লক্ষ্যে। এর জন্য একাধিক প্রতিনিধি দল ঢাকায় বর্তমান তদারকি সরকার ও নির্বাচন কমিশনের সাথে দেন'দরবার করছে। দেশের বাইরের প্রধান প্রধান বাংলাদেশীদের শহরগুলোতেও চলছে সচেতনতা বৃদ্ধির কাজ।

তিনি বলেন, এইদল মানুষকে বোঝাতে চায় আমরা এখন গান'বিঙানের স্বর্ণ সময় ২০০৭ এ বসবাস করছি। এখন নিজেকে এগিয়ে নিয়ে যাওয়ার সময়। লাঠি, লগি, কাস্তে, কুড়াল নিয়ে মাতম করার সময় ফুরিয়ে গেছে অনেক আগে। বর্তমান বিশ্ব অনেক এগিয়ে, আমাদেরকেও এগিয়ে যেতে হবে তাদের সাথে তাল মিলিয়ে। ঝেড়ে ফেলতে হবে হীন মানসিকতা, বেরিয়ে আসতে হবে নোংরা কাঁদা ছোড়াছুড়ির বলয় থেকে। আর এজন্যই প্রবাসীদের রাজনীতিতে সরাসরী সম্পৃক্ত হওয়া দরকার। কারণ প্রবাসীরা উন্নত বিশ্বকে কাছে থেকে দেখে অনেক অভিজ্ঞতা অর্জন করেছে।

তারা বুঝতে শিখেছে প্রকৃত দেশপ্রেম ও জাতীপ্রেম ককে বলে। এছাড়া দেশের বর্তমান অর্থনীতির প্রধান নিয়ামক হচ্ছে প্রবাসীদের পাঠান রেমিটেন্স। অথচ এর সঠিক ব্যবহার নেই। রেমিটেন্সের সঠিক ব্যবহারের জন্য প্রবাসীদেরই ভূমিকা রাখতে হবে। নয়তো গত ৩৬ বছর যাবত যা হয়েছে, আগামী ১০০ বছর তাই চলবে। তিনি বলেন, বিডিএস উন্নত দেশগুলোর আদলে বাংলাদেশের বিশাল জনসংখ্যাকে জনশক্তিতে রূপান্তর করতে চায়। শুধু বিশ্বব্যাংকদের পরামর্শে দেশের শীল্ল'কারখানা বন্ধ না করে বরং ব্যবসার পলিসি পরিবর্তন করতে হবে, তাতে শুফল আসবেই। দেশের জাতীয় বাজেটের জন্য কারো কাছে হাত পাতার দরকার হবে না। দেশের সংবিধান ও আইন সময় উপযোগী করতে হবে। স্বনির্ভর বাংলাদেশ গড়তে নারী পুরুষ সবাইকে কর্মমুখি করতে হবে। প্রবাসীদের ভোটাধিকারসহ সংসদে প্রবাসীদের জন্য সংরক্ষিত আসন থাকতে হবে। তিনি বলেন বিডিএস বাংলাদেশের প্রচলিত ধারায় কোন রাজনৈতিক কর্মসূচী দিবেনা। এদলের প্রত্যেকটি কাজের সাথে দেশ ও গনমানুষের কল্যান জড়িত থাকবে। দলের প্রধানসহ সর্বস্তরের নেতৃত্ব নির্ধারণ হবে সরাসরী সাধারণ মানুষের ভোটের মাধ্যমে। যেখানে থাকবে পূর্ণগনতন্ত্র। ক্ষমতা আকড়ে রাখার প্রচলিত সিলসিলার কোন স্থান থাকবে না, যেমন উন্নত অনেক দেশে হয়ে থাকে। সরকার বিরোধী কর্মসূচীতেও দেশের কল্যান, মানুষের কল্যান আগে থাকবে। জাতীয় স্বার্থে বিরোধীদল ও সরকার কথা বলবে একই সুরে। তিনি জানান, এদল সম্পর্কে বিস্তারিত জানতে হলে www.bdsbd.net লগ করতে হবে। এবং ই'মইল, info@bdsbd.net অবশ্য এখনি ওয়েবসাইটটি সববিভাগ সর্বসাধারণের জন্য খুলে দেয়া হয়নি। কারন এখনো ডেভলপের কাজ চলছে। তবে সদস্য রেজিট্রেশন শুরু হয়েছে।

নতুন দলের আনুষ্ঠানি ঘোষণা করা হতে পারে ইউরোপের কোন একটা প্রধান রাজধানী থেকে। একই সাথে স্যাটেলাইট কনফারেন্স এর মাধ্যমে ঢাকা ও বিশ্বেরে কয়েকটি গুরুত্বপূর্ণ বাংলাদেশী বহুল শহরে দলের ঘোষণাপত্র সরাসরী দেখান হবে।

বাংলাদেশের রাজনৈতিক মোড়লদের মিশন ভিশন বলে কিছু নেই। তারা জাতীয় সংসদ ও রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ চেম্বারগুলোকে তাদের আতলামো এবং দূনীতির বাইজি বাড়ীতে পরিণত করেছে। এদের হাত থেকে দেশ ও জাতীকে উদ্ধার করতে হলে একটা যোগ্য নেতৃত্বের প্রয়োজনীয়তা অনশ্বীকার্য। কিন্তু খোদাই মালুম তার জন্য আর কতো কাল অপেক্ষা করতে হবে এ জাতীকে।

palashrahman@libero.it